



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৯০৫

তারিখ: ১২ ভাদ্র ১৪২৮

২৭ আগস্ট ২০২১

বিষয়: বাঘাবাড়ী ঘাট হতে জারিকৃত সূচির চাল বরিশাল জেলার হলতা এলএসডির পরিবর্তে পটুয়াখালী জেলার কালাইয়া এলএসডিতে প্রেরণের অনুমোদন প্রদান

সূত্র: ১। চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা এর ১৮/০৮/২০২১ খ্রি. তারিখের

১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৮৭৯ নং স্মারক

২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল এর ২৬/০৮/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৩২.০১৩.১৮.১৯৭৫ নং স্মারক

৩। মেসার্স গ্লোবাল মার্কেন্টাইল কর্পোরেশন (প্রাঃ) লিঃ এর ২৪/০৮/২০২১ খ্রি. তারিখের আবেদন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাঘাবাড়ী ঘাটের মাধ্যমে মেসার্স গ্লোবাল মার্কেন্টাইল কর্পোরেশন (প্রাঃ) লিঃ ঠিকাদারি প্রতিষ্ঠানের অনুকূলে বরিশাল জেলার হলতা এলএসডিতে ৬০০ মে.টন বোরো'২১ সিদ্ধ চালের চলাচল উপসূচি সূত্রস্থ ১ নং স্মারকে জারি করা হয়। সূত্রস্থ ৩ নং স্মারকের পত্রে উল্লেখ করা হয়েছে, জারিকৃত সূচির চাল পরিবহণের লক্ষ্যে বাঘাবাড়ী ঘাটে জাহাজ স্থাপন করা হয় এবং হলতা এলএসডির ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে টেলিফোনে যোগাযোগ করা হলে তিনি জানান, খুলনা সিএসডি হতে হলতা এলএসডিতে ৬০০ মে.টন চাল বোঝাই করে এক দিনের মধ্যে খাদ্য গুদামে এসে পৌঁছাবে। উক্ত চাল খালাস করার পর গুদামে খালি জায়গা থাকবে না। বাঘাবাড়ী ঘাট হতে জারিকৃত সূচির চাল হলতা এলএসডিতে আনা হলে জায়গা না থাকার কারণে খালাস করা সম্ভব হবে না। বোঝাইকৃত কার্গোর চাল দ্রুত খালাস করা না হলে উক্ত প্রতিষ্ঠান আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হবে এবং জারিকৃত সূচির চাল অন্য কোন প্রাপক কেন্দ্রে দ্রুত খালাসের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে সূত্রস্থ ২ নং স্মারকে বাঘাবাড়ী ঘাটের মাধ্যমে হলতা এলএসডির অনুকূলে সূচিকৃত ৬০০ মে.টন বোরো'২১ সিদ্ধ চাল পটুয়াখালী জেলার কালাইয়া এলএসডিতে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মতামত প্রদান করা হয়।

এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে এবং সূত্রস্থ ২ নং স্মারকের মতামতের প্রেক্ষিতে কালাইয়া এলএসডিতে বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য বাঘাবাড়ী ঘাট হতে বরিশাল জেলার হলতা এলএসডির পরিবর্তে পটুয়াখালী জেলার কালাইয়া এলএসডিতে ৬০০ মে.টন বোরো'২১ সিদ্ধ চাল প্রেরণের অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২৭-৮-২০২১

মোঃ ফজলে রাক্বী হায়দার
উপপরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের
কার্যালয়, রাজশাহী
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিরাজগঞ্জ, রাজশাহী

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৯০৫/১(১১)

তারিখ: ১২ ভাদ্র ১৪২৮
২৭ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের
অনুরোধ করা হলো)
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পটুয়াখালী
- ১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা এলএসডি
- ১১) মেসার্স গ্লোবাল মার্কেন্টাইল কর্পোরেশন (প্রাঃ) লিঃ, ডিবিসিসি (খুলনা-বরিশাল), বাসা-৫৬, রাস্তা-২১/বি,
বনানী টিএসএ, গুলশান, ঢাকা



২৭-৮-২০২১

মোঃ ফজলে রাক্বী হায়দার
উপপরিচালক